

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৯২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৮. দু'আ সম্পর্কে

باب الدُّعَاءِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا ابْنُ لَهِيعَةَ، عَنْ حَفْصِ بْنِ هَاشِمِ بْنِ عُتْبَةَ بْنِ أَبِي وَقَاصٍ، عَنْ السَّائِبِ بْنِ يَزِيدَ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ إِذَا دَعَا فَرَفَعَ يَدَيْهِ مَسَحَ وَجْهَهُ بِيَدَيْهِ .

_ ضعيف

বাংলা

১৪৯২। আস-সায়িব ইবনু ইয়াযীদ (রহঃ) হতে তার পিতার সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'আর সময় দু' হাত উপরে উঠাতেন এবং দু' হাত দিয়ে স্বীয় মুখমণ্ডল মুছতেন।[1]

দর্বল।

English

Narrated Yazid ibn Sa'id al-Kindi:

When the Prophet (ﷺ) made supplication (to Allah) he would raise his hands and wipe his face with his hands.

ফুটনোট

[1] এ সূত্রে আবূ দাউদ একক হয়ে গেছেন। এর সানাদ দুর্বল। সনদে হাফস ইবনু হাশিম অজ্ঞাত। অনুরূপ ইবনু লাহী'আহ একজন মুদাল্লিস এবং তিনি এটি আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন। হাদীসটির শাহিদ (সমর্থক) বর্ণনা রয়েছে তিরমিয়ীতে হাম্মাদ ইবনু জুহানী হতে ইবনু 'উমার সূত্রে। ইমাম তিরমিয়ী বলেনঃ 'হাদীসটি সহীহ গরীব।



আমরা এটি কেবল হাম্মাদ ইবনু ঈসার হাদীস বলেই জানি। তিনি এতে একক হয়ে গেছেন। তার হাদীস কম।' হাফিয আত-তাব্ধরীব গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল। আলবানী ইওয়াউল গালীল (২/১৭৯) গ্রন্থে বলেনঃ এর সানাদ দুর্বল। কঠিন দুর্বল হওয়ার কারণে উভয় সূত্র একটি অপরটিকে শাহিদ হিসেবে শক্তি যোগাবে না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন